গাংনীতে সরকারী খাল বাধ দিয়ে মাছ চাষের অভিযোগ

গাংনী উপজেলার গাড়াবাড়ীয়া ও মেহেরপুর সদরের কালিগাংনী দুই গ্রামের মাঝ বরাবর একটি বিলের পানি চলাচলের খাল বাধ দিয়ে অনেক চাষীর জমি তাদের অনুমতি না নিয়ে ঘিরে মাছ চাষের উপযোগী করে তোলেন। ভুক্তভোগী চাষীদের অভিযোগে পরিদর্শন করেন গাংনী থানার এসিল্যান্ড ইয়ানুর রহমান ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওবায়দুর রহমান।

স্থানীয় চাষীদের সাথে কথা বল্লে তারা জানান তাদের না জানিয়ে ক্ষমতার জোরে জমি দখল নিয়ে সরকারী খাল আটকিয়ে মাছ চাষ করছেন।এতে আমাদের ৫০০ বিঘার অধিক জমি জলাবদ্ধতায় আছে।এবং অনেক আবাদি জমিতেও আবাদ হচ্ছে না।ফলে আমরা অনেক ক্ষতির সম্মুখীন হচ্ছি।মাছ চাষ কারীদের মধ্য বানিআমিনের সাথে কথা বল্লে জানান ◌ামারা মাঠের ১৫০ বিঘা জমি লিজ নিয়ে মাছ চাষ করতে আসি।

এখানে সুধু ৩ টি জমির মালিক আমাদের জমি দেয় নি। তাছাড়া এসময় এখানে আবাদ হয় না। তাই মাছ চাষের সিদ্ধান্ত নিই এবং যাদের সাথে জমি নিয়েছি তাদের স্ট্যাম্পে সই আছে। পরবর্তী তে স্বাক্ষরকৃত স্ট্যাম্প দেখতে চাইলে দেখাতে পারেন নি।

এ বিষয়ে কাথুলী ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান রানা জানান আমার কাছে গিয়েছিলো মাছ চাষ কারীরা আমি বলেছি জমির মালিকদের সাথে অনুমতি নিয়ে তাদের সাথে সমন্বয় করে তারা যদি বলে তাহলে করবেন নয়তো না। একজন মালিক যদি বলেন আমি দিবো না তাহলে এ কাজ হবে না বলে জানান।

এ বিষয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওবায়দুর রহমান জানান এরা যে বেড়াটা দিয়েছে তাতে করে পানি আটকিয়ে নেই এবং জলাবদ্ধতার কোন সমস্যা হচ্ছে না।তবে জমির মালিকদের অনুমতি না নিয়ে মাছ চাষ করাটা অন্যায়।এবং তাদের অনুমতি ছাড়া মাছ চাষ করা যাবে না বলে জানান।

এ বিষয়ে গাংনী থানার এসিল্যান্ড ইয়ানুর রহমান জানান এখানে যে বাধ দিয়েছেন তাতে জলাবদ্ধতার সৃষ্টি না হলেও চাষির জমি তাদের অনুমতি না নিয়ে বেড়ি দেওয়াটা অন্নায়।এবং এটার জন্য তিন দিন সময় দেওয়া

হলো যদি তাদের বেড়ি তুলে না নেই। তাহলে এদের জন্য কঠোর সাস্তির ব্যাবস্থা করা হবে।

মেহেরপুরে ১৩১ফেন্সিডিল বোতল সহ মাদক ব্যবসায়ী আটক

মেহেরপুরে শহরের হোটেল বাজার শ্যামলি পরিবহন কাউন্টার থেকে ১৩১ বতল ফেন্সিডিলসহ এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

সোমবার রাতে ঢাকাগামী শ্যামলী পরিবহনে সবজি বোঝাই একটি বস্তায় ১৩১ বোতল ফেন্সিডিল উদ্ধার করে। আটক মাদক ব্যবসায়ী চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার তরিকুল ইসলাম।

ঘটনা সূত্রে জানা যায়, তরিকুল ইসলাম মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর বাজার থেকে দুটি বস্তায় বিভিন্ন ধরনের সবজিসহ ঢাকাগামী শ্যামলী পরিবহনের একটি গাড়িতে উঠে । গাড়িটি মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকায় শ্যামলী কাউন্টারের সামনে এসে থামার পর সবজির বস্তা দেখে কাউন্টার মাস্টারের সন্দেহ হয়।

এসময় তরিকুল ইসলামকে ডাকাডাকি করলে সে পালানোর চেষ্টা করে।

এসময় উপস্থিত জনতা তাকে আটকিয়ে রেখে পুলিশকে খবর দেয় । খবর পেয়ে ডিবি পুলিশের একটি দল ঘটনাস্থলে পৌছালে তাদের কাছে তাকে সোপর্দ করা হয়।

মেহেরপুরে নতুন করে ৪ জনের

করোনা পজিটিভ

মেহেরপুরে নতুন করে আরো ৪ জন করোনা আক্রান্ত হয়েছেন। এর মধ্যে ১টি গাংনী , ২ টি সদর, ১ টি মুজিবনগর।

এ নিয়ে জেলায় ১০৮ (সদর- ৫৬, গাংনী -৪২, মুজিবনগর -১০) জন করোনায় আক্রান্ত হলেন। এর মধ্যে ৬৩ জন সুস্থ হয়েছেন, ৬ জন মারা গেছেন। ১০ জনকে রেফার্ড করা হয়েছে।

মেহেরপুরের সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন জানান, আজ সোমবার কুষ্টিয়া মেডিকেল কলেজ থেকে ১৯ টি (কুষ্টিয়া মেডিকেল কলেজ) রিপোর্ট এসেছে। এর মধ্যে ৪টি পজিটিভ, বাকিগুলো নেগেটিভ।

তিনি জানান, এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা ২০৮৭টি।

মুজিবনগরে দন্ত চিকিৎসকের আত্মহত্যা

মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার দারিয়াপুর গ্রামের সালমান আলী নামের এক দন্ত চিকিৎসক আত্মহত্যা করেছে।

সোমবার দুপুরে নিজ ঘরে গলাই দড়ি দিয়ে আত্মহত্যা করেন। নিহত সালমান আলী দারিয়াপুর ক্লাব পাড়ার সাদ আলীর ছেলে। মুজিবনগর ডিগ্রী কলেজের সামনে সালমান ডেন্টাল কেয়ারের মালিক ছিলেন তিনি।

স্থানীয়রা জানান, সোমবার দুপুরে নিজ ঘরে টাওজারের ফিতা দিয়ে গলায় ফাঁস দেয়। পরে পরিবারের লোকজন দেখে ফেলে। এ সময় তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নেওয়ার পথে তার মৃত্যু হয়।

স্থানীয় আরও জানায়, গত কয়েকমাস আগে সালমানের স্ত্রীর সাথে তার তালাক হয়ে যায়। এ নিয়ে মানসিকভাবে বিষন্ন ছিল সালমান। এর আগেও সে আত্মহত্যার চেষ্টা করে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে চুরি মামলার দুই আসামী আটক

মেহেরপুর দসর থানার পুরাতন চুরি মামলার অজ্ঞাতনামা দুই আসামীকে আটক করেছে পুলিশ। আটককৃতরা হলেন মেহেরপুর শহরের ১নং ওয়ার্ডের আমিরুল অরফে আমরুর ছেলে মিলন মীর(৩৫) ও একই ওয়ার্ডের আব্দুর রশিদ এর ছেলে হ্যাপী খন্দকার।

সোমবার মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে অভিযান চালিয়ে মিলনকে এবং শহরের ১নং ওয়ার্ড বোসপাড়ায় অভিযান চালিয়ে হ্যাপীকে আটক করে সদর থানা পুলিশ।

সদর থানার এসআই ইকবাল জানান, মেহেরপুর সদর উপজেলার আমঝুপি থেকে একজন ও তার দেওয় তথ্যে শহরের ১নং ওয়ার্ড বোসপাড়া থেকে অপর এক আসামীকে আটক করা হয়। উভয় আসামীকে আদালতে সোপর্দ করার প্রক্রিয়া চলছে।

মেপ্র/এমএফআর

যমুনা গ্রুপের চেয়ারম্যান নুরুল ইসলাম আর নেই

দেশের অন্যতম বৃহৎ শিল্পগ্রুপ যমুনা গ্রুপের চেয়ারম্যান ও বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম। ফাইল ছবি-যুগান্তর
সবাইকে কাঁদিয়ে না ফেরার দেশে চলে গেলেন দেশের অন্যতম বৃহৎ শিল্পগ্রুপ যমুনা গ্রুপের চেয়ারম্যান ও বীর মুক্তিযোদ্ধা নুরুল

ইসলাম (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

চিকিৎসাধীন অবস্থায় রাজধানীর এভার কেয়ার হাসপাতালে (সাবেক অ্যাপোলো) তিনি সোমবার বিকালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৭৪ বছর। তিনি স্ত্রী, এক ছেলে ও তিন মেয়েসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

তার মৃত্যুতে দেশের শিল্প খাতে শোকের ছায়া নেমে এসেছে। ব্যবসায়ীরা বলছেন, বড় অসময় চলে গেলেন তিনি। করোনার সংকট কাটিয়ে দেশের অর্থনৈতিক উন্নয়ন ও আধুনিক বাংলাদেশ বিনির্মাণে তার মতো উদ্যোক্তার খুবই দরকার ছিল। এ সময় তার চলে যাওয়া দেশের জন্য অপূরণীয় ক্ষতি।

গত ১৪ জুন নুরুল ইসলামের করোনা পজিটিভ ধরা পড়ে। ওই দিনই তাকে এভার কেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। করোনায় তার কিডনি ক্ষতিগ্রস্ত হয়। বিশিষ্ট এই শিল্পোদ্যোক্তার চিকিৎসায় এভার কেয়ারের ডা. ব্রিগেডিয়ার জেনারেল (অব.) মাহবুদের নেতৃত্ব ১০ সদস্যবিশিষ্ট মেডিকেল বোর্ড গঠন করা হয়।

এর বাইরে চীনের ৪ বিশেষজ্ঞ চিকিৎসক এবং সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতালের দুই বিশেষজ্ঞ চিকিৎসক টেলিকনফারেন্সের মাধ্যমে পরামর্শ দিয়েছেন।

তার স্ত্রী সাবেক মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী বর্তমান জাতীয় সংসদের এমপি সালমা ইসলাম। ছেলে শামীম ইসলাম যমুনা গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক, তার তিন মেয়ে- রোজালিন ইসলাম, মনিকা ইসলাম এবং সোনিয়া ইসলাম যমুনা গ্রুপের পরিচালক।

যমুনা গ্রুপ বাংলাদেশের বৃহৎ শিল্পগ্রুপ। ১৯৭৪ সালে নুরুল ইসলাম যমুনা গ্রুপ প্রতিষ্ঠা করেন। মেধা, দক্ষতা, পরিশ্রম ও সাহসিকতার মাধ্যমে একে একে শিল্প এবং সেবা খাতে গড়ে তোলেন ৩৮টি প্রতিষ্ঠান।

দেশের অর্থনৈতিক উন্নয়ন ও মানুষের কর্মসংস্থান তৈরিতে নুরুল ইসলাম একজন আধুনিক চিন্তার সাহসী উদ্যোক্তা। বর্তমানে ৫০ হাজারের বেশি মানুষ কাজ করছেন যমুনা গ্রুপে।

এশিয়ার সবচেয়ে বড় শপিংমল যমুনা ফিউচার পার্ক, নির্মাণাধীন মেরিয়টস হোটেলসহ শিল্প ও সেবা খাতে শীর্ষ স্থান ধরে রেখেছে

গ্রুপটি।

ইলেকট্রনিকস, বস্ত্র, ওভেন গার্মেন্টস, রাসায়নিক, চামড়া, মোটরসাইকেল, বেভারেজ টয়লেট্রিজ, নির্মাণ এবং আবাসন খাতে ব্যবসায় শীর্ষস্থানে রয়েছে এই গ্রুপ।

এ ছাড়া দৈনিক যুগান্তর ও যমুনা টেলিভিশনের প্রতিষ্ঠাতাও তিনি।

সর্বশেষ করোনার চিকিৎসায় কুড়িলে ৩০০ ফিটের কাছে আন্তর্জাতিক মানের হাসপাতাল করার উদ্যোগ নিয়েছিলেন নুরুল ইসলাম। ইতিমধ্যে এর প্রাথমিক আলোচনাও শেষ করেছিলেন তিনি।

করোনা মোকাবেলায় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে ১০ কোটি টাকার অনুদানও দিয়েছিলেন তিনি। এ ছাড়া করোনা মোকাবেলায় সহজ ও সুলভমূল্যে যমুনা গ্রুপ তৈরি করছে হ্যান্ড স্যানিটাইজার। গুণগত মানের দিক থেকে যমুনা গ্রুপ স্বাস্থ্যসম্মত পিপিই তৈরি করছে। সূত্র-যুগান্তর

মেহেরপুর ১নং ওয়ার্ডে সোলারলাইট স্থাপন

মেহেরপুর শহরের ১নং ওয়ার্ডে সোলারলাইট স্থাপন করা হয়েছে। সদর উপজেলা পরিষদের উদ্যোগে মেহেরপুর ১নং ওয়ার্ডের ভৈরবের পাড়ে এই সোলারসাইট স্থাপন করা হয়। সোমবার দুপুরে সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড.ইয়ারুল ইসলামের উপস্থিতিতে সোলারলাইটটি স্থাপন করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, ১ নং ওয়ার্ড আওয়ামিলীগের সাধারণ সম্পাদক মোহাম্মদ মাসুদ, সহ সভাপতি তাহাজ, সাংগঠনিক সম্পাদক শিমুল বিশ্বাসসহ স্থানীয় নেতৃবৃন্দ।

পরে এইকস্থানে উপজেলা চেয়ারম্যান অ্যা.ইয়ারুল ইসলাম ১নং ওয়ার্ডের যুবকদের মাঝে ফুটবল বিতরণ করেন।

মেহেরপুরে অনলাইন পশুহাটের উদ্বোধন

আসন্ন ঈদ-উল আযহাকে সামনে রেখে অনলাইনে পশু বিক্রয়ের জন্য পশুরহাট মেহেরপুর নামের একটি অনলাইন উদ্বোধন করা হয়। সোমবার এক ভিডিও কনফারেন্সের মাধ্যমে এই পশুহাটের উদ্বোধন করে মেহেরপুর ১ আসনের সংসদ সদস্য ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন। মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়।

ভিডিও কনফারেন্সের সভাপতিত্ব করেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ মুনসুর আলম খান। বক্তব্য দেন পুলিশ সুপার এস এম মুরাদ আলী, অতিরিক্ত জেলা প্রশাসক তৌফিকুর রহমান, জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, জেলা প্রাণীসম্পদ কর্মকর্তা জাহাঙ্গীর আলম, জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক আল আমিন।

উদ্বোধনী অনুষ্ঠানে জানানো হয় মেহেরপুর জেলায় মোট ১ লক্ষ গরু প্রস্তুত রয়েছে। মেহেরপুর জেলার চাহিদা রয়েছে ৭০হাজার। একই সাথে মেহেরপুর জেলায় দুই লক্ষ ছাগল প্রস্তুত রয়েছে বলে জানানো হয়। উদ্বোধনী অনুষ্ঠানের ৭০ হাজার গরু অনলাইনের মাধ্যমে বিক্রি করার ব্যাপারে আশাবাদ ব্যক্ত করেন কর্মকর্তাগণ।

মেপ্র/এমএফআর

ঝিনাইদহে নতুন করে আরও ৩৭ জন করোনায় আক্রান্ত

ঝিনাইদহে নতুন করে আরও ৩৭ জন করোনায় আক্রান্ত হয়েছে।এ নিয়ে জেলায় করোনায় আক্রান্তের সংখ্যা দাড়ালো ৪৫২ জন।

সিভিল সার্জন ডাঃ সেলিনা বেগম জানান, সোমবার সকালে কুষ্টিয়া ল্যাব থেকে ঝিনাইদহে ৮৪ টি রিপোর্ট এসেছে। এর মধ্যে ৩৭ টি পজেটিভ।

আক্রান্তদের মধ্যে সদর উপজেলায় ২১ জন, কালীগঞ্জ উপজেলায় ৬ জন, শৈলকুপা উপজেলায় ৬ জন, হরিণাকুন্ডুতে ১ জন, কোটচাঁদপুরে ১ জন ও মহেশপুরে ২ জন।

ঝিনাইদহে ইজিবাইক ও রিক্সাচালকদের মাঝে স্বাস্থ্যসুরক্ষা উপকরণ বিতর

করোনার সংক্রমন রোধে ঝিনাইদহে ইজিবাইক ও রিক্সা চালকদের মাঝে স্বাস্থ্য সুরক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে।
সোমবার দুপুরে শহরের পায়রা চত্বর, পোস্ট অফিস মোড় ও মুজিবচত্বরে ঝিনাইদহ পৌরসভার মেয়র আলহাজ সাইদুল করিম মিন্টুর পক্ষ থেকে এ উপকরণ বিতরণ করা হয়। শহরে চলাচলকৃত ৩ শতাধিক ইজিবাইক ও রিক্সাচালকদের হাতে মাস্ক ও জীবানুনাশক স্প্রে বিতরণ করেন পৌর মেয়র সাইদুল করিম মিন্টু।

সে সময় উপস্থিত ছিলেন পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক নজরুল বিশ্বাস, জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক শফিকুল ইসলাম শিমুল, জেলা ছাত্রলীগের সভাপতি রানা হামিদ, কেন্দ্র ছাত্রলীগের সাবেক সহসভাপতি আহসান হাবিব রানা, জেলা ছাত্রলীগের যুগ্ন সাধারণ

সম্পাদক আল ইমরান,

এসময় যানবাহনে স্বাস্থ্য বিধি মেনে যাত্রীউঠানো ও জীবানুনাশক স্প্রে করার পরামর্শ দেওয়া হয়। বিতরণরে সময় জেলা আওয়ামী লীগ, ছাত্রলীগের নেতাকর্মীসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।